# বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি।

- শিশুদের সাহিত্য, সাংস্কৃতিক, বিজ্ঞান ও বিনোদনমূলক উন্নয়ন ও সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের উদ্দেশ্যে বাংলাদেশ শিশু একাডেমির কেন্দ্রীয় অফিস, ৬৪টি জেলা অফিস ও ৬টি উপজেলা শাখা অফিস কাজ করে যাচ্ছে। প্রশিক্ষণ ক্লাসকে সম্প্রসারণের লক্ষ নিয়ে জুলাই ২০১৭ থেকে ঢাকার উত্তরা হাইস্কুল এন্ড কলেজ এবং সাভারের অধরচন্দ্র হাইস্কুলে দুটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। এ অফিসসমূহের মাধ্যমে সাংস্কৃতিক বিষয়ে প্রশিক্ষণ, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা, ১৭ই মার্চ জাতীয় শিশু দিবস উদ্যাপন, মৌসুমী প্রতিযোগিতা, দরিদ্র শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষাদান, শিশু স্বাস্থ্য ও পুষ্টি সম্পর্কে শিক্ষা, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপন, শিশু অধিকার সপ্তাহ উদযাপন, মেয়ে শিশুদের জন্য বিশেষ কার্যক্রম, শিশু পুস্তক ও পত্রিকা প্রকাশনা, শিশু চলচ্চিত্র নির্মাণসহ বিবিধ কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়া বিভিন্ন দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক শিশু চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বাংলাদেশ শিশু একাডেমির শিশুরা বিবিধ পুরস্কার অর্জন করে। প্রতিবছর সারাদেশে শিশু একাডেমীর মাধ্যমে ৩৬ হাজার শিশুকে সঙ্গীত, নৃত্য, চিত্রাঙ্কন, আবৃত্তি , অভিনয় এবং দাবাসহ ১২টি সৃজনশীল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাংলাদেশ দাবা ফেডারেশন আয়োজিত ওয়ালটন দ্বিতীয় বিভাগ দাবালীগে বাংলাদেশ শিশু একাডেমীর ০৬ (ছয়) সদস্য প্রশিক্ষণার্থী শিশু অংশগ্রহণ করে। পাঠ্যভ্যাস বৃদ্ধির জন্য শিশু একাডেমি থেকে ৮৭৩টি শিশুতোষ গ্রন্থ ও অভিধান এবং শিশু বিশ্বকোষ প্রকাশিত হয়েছে এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ২৫ প্রকার বই প্রকাশিত হয়েছে।

- বাংলাদেশ শিশু একাডেমী প্রতিবছর জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা এবং মৌসুমী প্রতিযোগিতা আয়োজন করে। এ প্রতিযোগিতায় দেশের প্রত্যন্ত অঞ্চলের শিশুদের সম্পৃক্ততায় পর্যায়ক্রমে থানা/উপজেলা, জেলা, অঞ্চল (বিভাগ) ও জাতীয় পর্যায়ে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ফলে প্রত্যন্ত অঞ্চলের শিশুরা তাদের প্রতিভা তুলে ধরার সুযোগ পায়। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০১৭-এ বিভিন্ন প্রতিযোগিতায় মোট ২,৩৫,৩২৯ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। এদের মধ্যে জাতীয় পর্যায়ে ২১২জন বিজয়ী শিশু পুরস্কৃত হয়। জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০১৭ এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশুদের মাঝে পুরস্কার বিতরণ করেন। প্রত্যন্ত অঞ্চলের শিশুদের শিশু একাডেমীর কার্যক্রমের সাথে আরও ব্যাপকভাবে সম্পৃক্তকরণের উদ্দেশ্যে গ্রামীণ শিশুদের সৃজনশীলতা বিকাশ নামে একটি প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

- ১৭ মার্চ ২০১৭ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমী থেকে প্রথমবারের মত বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত ১০/- টাকা মূল্যমানের স্মারক ডাকটিকেট প্রকাশ করে। উক্ত দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় স্মারক ডাকটিকিটটি অবমুক্ত করেন । এছাড়া এ উপলক্ষে ১১ দিনব্যাপী বাংলাদেশ শিশু একাডেমী বইমেলা অনুষ্ঠিত হয়।

- বর্তমান সরকারের শিশুবান্ধব উন্নয়নমূলক কর্মনীতির বাস্তবায়নে বাংলাদেশ শিশু একাডেমীর জুন ২০১৭ তে ৬টি জেলা শাখা কমপ্লেক্স (গোপালগঞ্জ, ফরিদপুর, পটুয়াখালী, ঝিনাইদহ, খাগড়াছড়ি এবং নরসিংদী) নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

- শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (২য় পর্যায়) প্রকল্পটি ইউনিসেফের আর্থিক ও কারিগরি সহায়তায় সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কক্সবাজার, পটুয়াখালী, সাতক্ষীরা, মৌলভীবাজার, কুড়িগ্রাম ও ময়মনসিংহ জেলাসহ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন এবং সাভার পৌর এলাকায় প্রকল্পের অংশিদারি সংস্থা ব্র্যাক, গ্রামীণ শিক্ষা, ১০টি কেন্দ্রীয় কারাগার, বিলুপ্ত ছিট মহল, আশ্রায়ন প্রকল্প, যৌন পল্লীতে, প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র, শিশু বিকাশ কেন্দ্র এবং ফুলকির মাধ্যমে ঢাকার মিরপুর ও ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার গার্মেন্টস এলাকায় ২০টি ডে-কেয়ার-এর মাধ্যমে ২,১৩,০০০ জন শিশুকে শিশু বিকাশ উপযোগি শিক্ষা প্রদান করা হয়। যার মধ্যে কারাগারের ৭০০ জন এবং যৌনপল্লীর ১২০ জন শিশু রয়েছে।

- সরকার দুঃস্থ শিশুদের পুনর্বাসন করার লক্ষ্যে ঢাকা বিভাগের আওতায় মেয়ে শিশুদের জন্য আজিমপুর এবং ছেলে শিশুদের জন্য কেরানীগঞ্জ ও গাজীপুরে একটি করে তিনটি এবং রাজশাহী, খুলনা ও চট্রগ্রাম বিভাগে একটি করে তিনটি সর্বমোট ছয়টি শিশুবিকাশ কেন্দ্র পরিচালনা করছে। কেন্দ্রগুলিতে দুঃস্থ ও সুবিধাবঞ্চিত শিশুদের খাবার ও বাসস্থানসহ লেখা-পড়া ও চিকিৎসা প্রদানের মাধ্যমে ৭৫০ শিশুকে পুনর্বাসন করা হচ্ছে।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার”-এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতিলাভ করায় সারা দেশব্যাপী ১৭ নভেম্বর ছবি আঁকার প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং ২৫ নভেম্বর ২০১৭ তারিখে বাংলাদেশ শিশু একাডেমীর জেলা ও উপজেলা শাখায় রচনা, কুইজ ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়াও দেশব্যাপী আনন্দ শোভাযাত্রার আয়োজন করা হয়।

- চিত্রকলায় শিশুদের উদ্বুদ্ধ করতে বাংলাদেশ শিশু একাডেমীতে শেখ রাসেল আর্টগ্যালারি প্রতিষ্ঠা করা হয়। সারা দেশব্যাপী ১৭ নভেম্বর ২০১৭ এ শিশুদের আঁকা ছবি থেকে বাছাই করে ৫৬টি ছবি নিয়ে ১৬ ডিসেম্বর ২০১৭ শেখ রাসেল আর্টগ্যালারীতে ১৫ দিনব্যাপী ছবি প্রদর্শনের মাধ্যমে উদ্বোধন করা হয়।

- ৭ম বাংলাদেশ বইমেলা কলকাতা ২০১৭ (১৫-২৪ নভেম্বর ২০১৭) এ বাংলাদেশ শিশু একাডেমী অংশগ্রহণ করে। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে কলকাতা উপ-হাইকমিশন এর আমন্ত্রণে বাংলাদেশ শিশু একাডেমীর শিশু সাংস্কৃতিক প্রতিনিধি দলের (১৭-২০ ডিসেম্বর ২০১৭) অংশগ্রহণ। সৌদি আরবের জেদ্দায় অনুষ্ঠিত জেদ্দা আন্তর্জাতিক বইমেলা ২০১৭ এবং কনস্যুলেট জেনারেল জেদ্দা কর্তৃক আয়োজিত বই মেলায় (১৪-২৪ ডিসেম্বর ২০১৭) বাংলাদেশ শিশু একাডেমী অংশগ্রহণ করে।

- **বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন :**
- শিশুদের অংশগ্রহণে ৭ দিনব্যাপী বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদযাপন করা হয়। এ বছর বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের অাফরোজ চুমকি এমপি। শিশু পেলে অধিকার খুলবে নতুন বিশ্বদার এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১১ থেকে ১৭ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত শিশু অধিকার সপ্তাহ পালন করা হয়। প্রতিদিন **আমার কথা শোন** শিরোনামে অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে শিশুরা তাদের অধিকারের কথা বলেন এবং বড়রা শুনেন।
- এছাড়াও সপ্তাহের অন্যান্য দিনে দিবস অনুযায়ী আলোচনা সভা, শিশুদের জন্য বিভিন্ন প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, শিশু সমাবেশ, পুতুল নাচ, চাইল্ড পার্লামেন্ট ও বিভিন্ন শিশু সংগঠনের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
- বিশ্ব শিশু দিবস, শিশু অধিকার সপ্তাহ ২০১৭ এবং শেখ রাসেলের ৫৩তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমী ১২ থেকে ১৮ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত লাইট ও সাউন্ডের সমন্বয়ে **সন্দেশ** শীর্ষক স্থাপনা শিল্প প্রদর্শনীর আয়োজন করে।
- রোহিঙ্গা শিশুদের সহমর্মিতা প্রকাশের অনুভূতি জানিয়ে বাংলাদেশের শিশুদের স্বাক্ষর সংগ্রহের কর্মসূচি গ্রহণ করা হয়।
- সুকুমার রায়ের ১৩০তম জন্মবার্ষিকী পালন এবং এ উপলক্ষে ছড়া পাঠের আয়োজন করা হয়।

- **বই পড়া প্রতিযোগিতা :**

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমী লাইব্রেরী শক্তিশালীকরনের জন্য অটোমেশন ও ডিজিটাইজেশন কর্মসূচির আওতায় “বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো” শীর্ষক বইপড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। বাংলাদেশ শিশু একাডেমী প্রকাশিত মুহম্মদ জাফর ইকবালের বাংলাদেশের মুক্তিযুদ্ধ বইটি পড়ে বঙ্গবন্ধু এবং মুক্তিযুদ্ধ বিষয়ে অংশগ্রহণকারীগণ তাদের অনুভূতির কথা লিখে পাঠান। উক্ত কর্মসূচিতে বাংলাদেশ শিশু একাডেমীর কেন্দ্রীয় কার্যালয়, ৬৪টি জেলা, ৬টি উপজেলা (কেশবপুর, কুলাউড়া মিঠাপুকুর, বাবুগঞ্জ, শ্রীনগর এবং পরশুরাম) কার্যালয়ের ৬ থেকে ১৩ বছরের ক্ষুদ্রে লেখক অংশগ্রহণের সুযোগ পায়। প্রাপ্ত লেখাগুলোর মধ্যে বাছাই করে ৭১ জন ক্ষুদ্রে লেখককে নির্বাচন করে প্রখ্যাত সাহিত্যিক মুহম্মদ জাফর ইকবাল বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

- **“উঠব জেগে ছুটব বেগে” :**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শে মহান মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক সমাজ বিনির্মান এবং সোনার বাংলা গড়ার অন্যতম শক্তি আমাদের ভবিষ্যৎ প্রজন্ম যারা আজ শিশু-কিশোর বয়সী। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন রূপরেখা বাস্তবায়নে আজকের শিশু-কিশোরদের জন্য প্রয়োজন দেশপ্রেম, মূল্যবোধ, নৈতিকতা, সততা, নিষ্ঠা, তথ্য-প্রযুক্তি, বিজ্ঞান এবং সাহিত্য-সংস্কৃতি সম্পর্কিত পরিপূর্ণ জ্ঞান। বাংলাদেশ শিশু একাডেমী তাই শিশু-কিশোরদের জাগিয়ে তুলতে “উঠব জেগে ছুটব বেগে” নামে বছরব্যাপী কর্মসূচি গ্রহণ করে। এই কার্যক্রমে দেশের সফল ও খ্যাতিমান লেখক, বুদ্ধিজীবী, খেলোয়াড়, অভিয়নশিল্পীসহ সমাজের নানাস্তরের নানাপেশার কৃতিমান ব্যক্তিত্ব শিশুদের সামনে শোনান জেগে ওঠার গল্প। শোনান, কি করে বড় হয়ে দেশের জন্য কাজ করে যেতে হয়। এই কার্যক্রমটি শিশু-কিশোরদের জন্য উদ্বুদ্ধকরণ কর্মসূচি। শিশু-কিশোরদের মত প্রকাশ করার জন্য এটি একটি আকর্ষণীয় আয়োজন।

- **অডিট নিষ্পত্তি সংক্রান্ত :**

২০১৮ সালের জানুয়ারি মাস পর্যন্ত মোট ৩৪৮টি অডিট আপত্তি ছিল, যার টাকার পরিমাণ ৬৭৯.০২ (ছয় কোটি ঊনআশি লক্ষ দুই হাজার) টাকা । ফেব্রুয়ারি ২০১৮ মাসে ০১টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ০১ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত অনিষ্পন্ন ৩৪৭টি অডিট আপত্তি রয়েছে, যার টাকার পরিমাণ ৬৭৮.৯৮ (ছয় কোটি আটাত্তর লক্ষ আটানব্বই হাজার) টাকা।

**অন্যান্য কার্যাবলি :**

- ২০১৭ সালে তুরস্কে বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক শিশু সাংস্কৃতিক দল প্রেরণ;
- বাংলা নববর্ষ ১৪২৪ উদযাপন;
- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৭ উদযাপন;
- **মহান বিজয় ও স্বাধীনতা দিবস উদযাপন;**

**#** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড রেজিস্টার"- এ অন্তর্ভূক্তির মাধ্যমে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভ করায় এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের অন্যতম সৎ ও কর্মঠ রাষ্ট্রপ্রধান নির্বাচিত হওয়ায় ১১ ডিসেম্বর ২০১৭ সোমবার, বিকেল ৩.০০ ঘটিকায় বাংলাদেশ শিশু একাডেমীতে এক আনন্দ সমাবেশের আয়োজন করা হয়;

**#** স্বরচিত বিজয়ের ছড়া পাঠ- আমন্ত্রিত ছড়াকারদের অংশগ্রহণে ও বাংলাদেশ শিশু একাডেমীর প্রশিক্ষণার্থী শিশুদের পরিবেশনায় দলীয় সংগীত, ছড়া পাঠ, আবৃত্তি এবং বিভিন্ন শিশু সংগঠনের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান;

**#** ১৬ ডিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবসে বঙ্গভবনে অনুষ্ঠিত রাষ্ট্রীয় সংবধনা অনুষ্ঠানে প্রশিক্ষণাথী শিশুদের অংশগ্রহণ;

**#** ১৬ ডিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে কর্মকর্তা ও কর্মচারী এবং প্রশিক্ষণাথী শিশুদের নিয়ে বাংলাদেশ শিশু একাডেমী থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে পতাকা শোভাযাত্রার আয়োজন।

- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মবার্ষিকী ২০১৭ উদযাপন;
- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর জন্মবার্ষিকী ২০১৭ উদযাপন;
- শিশু চলচ্চিত্র প্রদর্শনী
- শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৭ উদযাপন;
- ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০১৭ উদযাপন;
- বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০১৭ উদযাপন;
- ৩০টি শিশুতোষ বই প্রকাশিত হয়েছে;
- শেখ রাসেল জাদুঘর আধুনিকায়ন করা হয়েছে;
- বাংলাদেশ শিশু একাডেমীর কেন্দ্রীয় কার্যালয়ের লাইব্রেরি সংস্কার করা হয়েছে;
- আন্তর্জাতিক শিশু সাংস্কৃতিক দল বিনিময় কার্যক্রম
- 'শিশু' পত্রিকা প্রকাশ;
- পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) ২০১৭ উদযাপন;
- জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০১৮ এর ঢাকা অঞ্চল পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা আয়োজনের প্রস্তুতি চলছে;
- মহান শহীদ দবিস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উদযাপন করা হবে;
- আগামী জুলাই ২০১৮ এ অনুষ্ঠিতব্য জাপানের ফুকুওকায় ৩০তম এপিসিসি-এর শিশু সাংস্কৃতকি দল নির্বাচনের জন্য সাক্ষাৎকার আয়োজন;
- মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের সাথে শিশুদের ০১(এক) দিন কাটানোর আয়োজন করা;
- অমর একুশে ফেব্রুয়ারি ২০১৮ উপলক্ষে বাংলা একাডেমী প্রাঙ্গণে ২১ শে বইমেলায় অংশগ্রহণ এবং বই প্রকাশ;
- অগ্রণী ব্যাংক-শিশু একাডেমী শিশু সাহিত্য পুরস্কার প্রদানের আয়োজন করা হচ্ছে;
- ৪২তম কলকাতা বইমেলায় বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিনিধি দলের অংশগ্রহণ;
- ৫ই ফেব্রুয়ারি ২০১৮ জাতীয় গ্রন্থগার দিবস উদযাপন করা হবে।

- **২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বাংলাদেশ শিশু একাডেমীর প্রস্তাবিত বরাদ্দবিহীনভাবে সংযুক্ত অননুমোদিত নতুন ০৭ (সাত) টি প্রকল্পের প্রস্তাব**

০১।
বাংলায় ঃ শিশুর প্রারম্ভিক শিখন ও সুরক্ষা প্রকল্প
ইংরেজীতে ঃ Early Learning and Child Protection Project
জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২২
০২।
বাংলায় ঃ গ্রামীণ শিশুদের সৃজনশীলতা বিকাশ প্রকল্প
ইংরেজীতে ঃ Creative Development for Rural Children Project
জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২২
০৩।
বাংলায় ঃ শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশ (শিশুর প্রথম ১০০০ দিনের সহায়তা) শীর্ষক প্রকল্প
ইংরেজীতে ঃ Support for First 1000 Days for Children Project
জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২২
০৪।
বাংলায় ঃ শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্প (৩য় পর্যায়)
ইংরেজীতে ঃ Early Learning for Child Development Project (3rd Phase)
জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২০
০৫।
বাংলায় ঃ বাংলাদেশ শিশু একাডেমীর সক্ষমতা বৃদ্ধি প্রকল্প
ইংরেজীতে ঃ Strengthening of Bangladesh Shishu Academy Project
জানুয়ারি ২০১৮-ডিসেম্বর ২০২২
০৬।
বাংলায় ঃ বাংলাদেশ শিশু একাডেমীর জেলা ও উপজেলা শাখায় ভৌত অবকাঠামো নির্মাণ প্রকল্প
ইংরেজীতে ঃ ঃ Construction Project of Bangladesh Shishu Academy District & Upazilla label Infrastucture Development Project
জুলাই ২০১৮ - জুন ২০২১
০৭।
বাংলায় ঃ উপজেলা পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প
ইংরেজীতে ঃ Project for Extention of BSA in Upazila Level.
জুলাই ২০১৮ - জুন ২০২৩

**২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নিম্নেবর্ণিত ০৩(তিন) টি কর্মসূচির প্রস্তাব করা হয়েছে :**

- অনুন্নয়ন বাজেট হতে অর্থায়নকৃত গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলায় বাংলাদেশ শিশু একাডেমী সম্প্রসারণ কর্মসূচি
- নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলায় বাংলাদেশ শিশু একাডেমী সম্প্রসারণ কর্মসূচি এবং
- ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলায় বাংলাদেশ শিশু একাডেমী সম্প্রসারণ কর্মসূচি শীর্ষক ০৩(তিন) টি কর্মসূচির প্রস্তাব পিপিএনবি (PPNB) মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

আনজীর লিটন
পরিচালক
বাংলাদেশ শিশু একাডেমী।

# বাংলাদেশ শিশু একাডেমী

দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

স্মারক নং : এ-৪০৫-বিএসএ/২০১৮/৩২৭(১২) তারিখ : ০৫/০২/২০১৮ খ্রি.

**বিষয় : বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রমের তথ্যাদি হালনাগাদকরণের জন্য কমিটি গঠন প্রসঙ্গে।**

সূত্র : ৩২.০০.০০০০.০৪২.০৯.০১৭.১৬-৩৬৪, তারিখ : ২১.১২.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রমের তথ্যাদি হালনাগাদকরণের জন্য ০৩(তিন) সদস্য বিশিষ্ট নিম্নবর্ণিত একটি কমিটি গঠন করা হলো :

১। উপ-পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা - আহবায়ক
২। প্রোগ্রাম অফিসার (প্রশাসন), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা - সদস্য
৩। সহকারী পরিচালক, (প্রশাসন), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা - সদস্য সচিব

কমিটি বাংলাদেশ শিশু একাডেমীর কার্যক্রমের তথ্যাদি হালনাগাদ/সংশোধন করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

বিষয়টি আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আনজীর লিটন
পরিচালক
বাংলাদেশ শিশু একাডেমী ।
ফোন : ৯৫৫০৩১৭
ই-মেইল : info.shishuacademy@gmail.com

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিতরণ** :
১। উপ-পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২। সহকারী পরিচালক, (প্রশাসন), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৩। প্রোগ্রাম অফিসার (প্রশাসন), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা ।

**অনুলিপি** : জ্ঞাতার্থে ও কাযার্থে

১। উপ-পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
২। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৪। মিউজিয়াম কীপার, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। লাইব্রেরিয়ান, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৬। প্রোগ্রাম অফিসার (সকল), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৭। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৮। প্রশাসনিক অফিসার, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৯। পি.এ টু পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
১০। অফিস কপি।